

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪২৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যোহরের পূর্বে চার রাকআত।

باب مَا جَاءَ فِي الأَرْبَعِ قَبْلَ الظُّهْرِ

আরবী

حَدَّتَنَا مُحَمَّدُ بِنُ بَشَّارٍ، حَدَّتَنَا أَبُو عَامِرِ الْعَقَدِيُّ، حَدَّتَنَا سُفْيَانُ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ عَلِيّ، قَالَ كَانَ النّبِيُّ صلى الله عليه وسلم يُصلِّي قَبْلَ الظُّهْرِ عَاصِمِ بْنِ ضَمْرَةَ، عَنْ عَلِيّ، قَالَ كَانَ النّبِيُّ صلى الله عليه وسلم يُصلِّي قَبْلَ الظُّهْرِ أَرْبَعًا وَيَعْدَهَا رَكْعَتَيْنِ . قَالَ أَبُو بَكْرٍ الْعَطَّارُ قَالَ عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ عَلِيّ حَديثُ حَسَنٌ . قَالَ أَبُو بَكْرٍ الْعَطَّارُ قَالَ عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنْ سَفْيَانَ قَالَ كُنَّا نَعْرِفُ فَضْلُ حَديثِ عَاصِمِ بْنِ ضَمْرَةَ عَلَى حَديثِ الْحَارِث . وَالْعَمَلُ سَفْيَانَ قَالَ كُنَّا نَعْرِفُ فَضْلُ حَديثِ عاصِمِ بْنِ ضَمْرَةَ عَلَى حَديثِ الْحَارِث . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ عَلَى هَذَا عَنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النّبِيّ صلى الله عليه وسلم وَمَنْ بَعْدَهُمْ يَعْدَهُمْ يَعْدَاوُنَ أَنْ يُصَلِّي الرَّجُلُ قَبْلَ الظُّهْرِ أَرْبَعَ رَكَعَاتٍ . وَهُوَ قَوْلُ سُفْيَانَ التَّوْرِيِّ وَابْنِ الْمُبَارِكِ وَإِسْحَاقَ وَأَهْلِ الْكُوفَةِ . وَقَالَ بَعْضُ أَهْلِ الْعِلْمِ صَلَاةُ اللَّيْلِ وَالنَّهَارِ مَثْنَى مَثْنَى مَثْنَى مَثْنَى مَثْنَى يَرُونَ الْفَصْلُ بَيْنَ كُلِّ رَكْعَتَيْنِ . وَبِهِ يَقُولُ الشَّافِعِيُّ وَأَحْمَدُ .

বাংলা

8২৪. মুহাম্মদ ইবনু বাশশার (রহঃ) আলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেনঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যোহরের পূর্বে চার রাকআত এবং এরপর দু'রাকআত সুন্নাত সালাত (নামায/নামাজ) আদায় করতেন। -ইবনু মাজাহ ১১৬১, তিরমিজী হাদিস নম্বরঃ ৪২৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে আয়িশা ও উন্মু হাবীবা রাদিয়াল্লাহু আনহা থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিযী (রহঃ) বলেনঃ আলী রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীস হাসান। আবূ বকর আল-'আত্তার (রহঃ) সুফইয়ান রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, তিনি বলেনঃ হারিস (আল-আওয়ার) এর রিওয়ায়াতের তুলনায় রাবী আসিম ইবনু যামরার রিওয়ায়াত অধিক মর্যাদাসম্পন্ন তা আমরা জানি। অধিকাংশ সাহাবী এবং পরবর্তী আলিম এই হাদীস অনুসারে আমল গ্রহণ করেছেন। যোহরের পূর্বে চার রাকআত আদায় করা পছন্দীয় বলে তার মনে করেন। সুফইয়ান সাওরী, ইবনু মুরাবক ও ইসহাক (রহঃ)-এর অভিমতও এ-ই। কতক আলিম বলেন রাতের হোক বা



দিনের, (ফরয ছাড়া অন্যান্য) সালাত হলো দু'রাকআত দু'রাকআত করে। তারা প্রতি দু'রাকআতের মাঝে ব্যবধান হওয়ার অভিমত পোষণ করেন। ইমাম শাফিঈ ও আহমদের অভিমত এ-ই।

English

Ali narrated:

"The Prophet (S) would pray four Rak'ah before Az-Zuhr and two Rak'ah after it."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন